

বিষয়: অস্থায়ী অগ্রিম প্রদান সংক্রান্ত।

২১১। নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হ'ল।

২১২। উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার প্রশাসন বিভাগ-১ একটি গুরুত্বপূর্ণ বিভাগ। অত্র বিভাগের মাধ্যমে ১ম ও ২য় শ্রেণী কর্মকর্তাদের নিয়োগ, বদলী, পদোন্নতিসহ পেনশন সেলের জরুরী কাজ সম্পাদন করা হয়। ইতোমধ্যে ঢাকা ওয়াসার সকল বিভাগ/জোন/দপ্তরের আউটসোর্সিং ভিত্তিতে জনবল নিয়োজিত করার কার্যক্রম চলমান রয়েছে। আউটসোর্সিং ভিত্তিতে জনবল নিয়োজিতকরনের জন্য দরপত্র আহ্বান সংশ্লিষ্ট জরুরী ডকুমেন্ট অত্র বিভাগে সংরক্ষণ করতে হয়। সর্বোপরি অত্র বিভাগে পর্যাপ্ত জায়গা সংকুলান না হওয়ায় কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী প্রশাসন বিভাগ-১ এর বাহিরে অবস্থিত একটি কক্ষ (পুরাতন স্টোর রুম) প্রশাসন বিভাগ-১ এর কার্যক্রমে ব্যবহৃত হবে। সে লক্ষ্যে উক্ত কক্ষটিতে রক্ষিত অপ্রয়োজনীয় প্রায় ১৮ টি আলমারী/ কেবিনেট ও মালামাল ওয়াসা ভবনস্থ ১৫ তলায় শিফট করা প্রয়োজন।

২১৩। উল্লেখিত কাজটি সাপ্তাহিক ছুটির দিনে করা হবে বিধায় লেবারদের মজুরী এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের নাস্তা ও দুপুরের আহারের প্রয়োজন হবে। এছাড়াও, অত্র বিভাগে ব্যবহৃত ৪টি কম্পিউটারের জন্য জরুরী ভিত্তিতে ইউপিএস ক্রয় করা প্রয়োজন। বিভাগীয় কাজের স্বার্থে উল্লেখিত কাজের জন্য নিম্নের বর্ণনানুযায়ী টাকার প্রয়োজন হবে:

ক্রম নং	বিবরণ	পরিমাণ	দর	টাকা
০১।	১৫ তলায় মালামাল শিফটিং বাবদ লেবার মজুরী (৮ জনX ২দিন)	৮ জন	২,০০০/-	১৬,০০০/-
০২।	বড় বস্তা, সুতলি ও অন্যান্য খরচ বাবদ	-	২,০০০/-	২,০০০/-
০৩।	আপ্যায়ণ বাবদ	১০ জন	৪০০/-	৪০০০/-
০৪।	ইউপিএস (১২০০ ভিএ), Powerpac	৪টি	৬,৯০০/-	২৭,৬০০/-
			সর্বমোট	৪৯,৬০০/-

কথায়ঃ ঊনপঞ্চাশ হাজার ছয়শত টাকা মাত্র

২১৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ-২১৩ এর বর্ণনা অনুযায়ী ঢাকা ওয়াসার প্রশাসন বিভাগ-১ এর উপ সচিব এর অনুকূলে PPR-০৮ এর ধারা ৮১ (১) মতে ৪৯,৬০০/- (ঊনপঞ্চাশ হাজার ছয়শত) টাকা মাত্র সরাসরি ক্রয়ের অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য খরচের অনুমোদন ব্যবস্থাপনা পরিচালক-এর আওতাধীন। প্রস্তাব সদয় অনুমোদনার্থে নথিটি পেশ করা হ'ল।

৮১২/সিসি
তাং-১৭/১২/২০২৪

১৭/১২/২৪

সাহেবুল হক
০৪(এ-১)
অফিস সুপারিনটেন্ডেন্ট
প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।

মোঃ মাহাবুবুল হক
সহকারী সচিব, প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

মোঃ আলিমুল হোসেন
উপ-সচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

মোঃ সফিউর রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা

মোঃ সফিউর রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা

মোঃ সফিউর রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা।